

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
রিজিওনাল প্ল্যানিং
www.udd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০৪১.১৭.৩৬

তারিখ: ১৫ চৈত্র ১৪২৭

২৯ মার্চ ২০২১

বিষয়: পিজিসিবি কর্তৃক "আব্দুল্লাহপুর ১৩২/৩৩ কেভি জিআইএস গ্রীড উপকেন্দ্র" নির্মাণের জন্য ঢাকা জেলার কেরানীগঞ্জ উপজেলাধীন চর গলগলিয়া মোউজায় ১.০০৯৪ একর (এক একর চুরানস্বই অজুতাংশ) ভূমি অধিগ্রহণের লক্ষ্যে অনাপত্তি পত্র প্রদান প্রসঙ্গে।

সূত্র: সূত্র-০১ঃ তার দপ্তরের স্মারক নং-২৭.২১.০০০০.৪২৭.৫৫.০০১.৩৩, তারিখঃ ৪/০২/২০২১

সূত্র-০২ঃ নগর উন্নয়ন অধিদপ্তরের স্মারক নং- ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০৪১.১৭, তারিখঃ ১৭/০২/২০১৯

সূত্র-০৩ঃ তার দপ্তরের স্মারক নং-পিজিসিবি/পিডি(প্রঃপ্রকৌঃ)/জিটুজি/২০১৮/৪৭৯

উপর্যুক্ত বিষয় ও ৩নং সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানী ও খনিজসম্পদ মন্ত্রণালয়ের অধীনস্থ পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ (পিজিসিবি) কর্তৃক "আব্দুল্লাহপুর ১৩২/৩৩ কেভি জিআইএস গ্রীড উপকেন্দ্র" নির্মাণের জন্য ঢাকা জেলার কেরানীগঞ্জ উপজেলাধীন চর গলগলিয়া মোউজায় ১.০০৯৪ একর (এক একর চুরানস্বই অজুতাংশ) ভূমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি পত্র চেয়ে আবেদন করেছে। প্রস্তাবিত জমির তফসিল নিম্নরূপঃ

মৌজার নাম	জে.এল নম্বর	সিট নম্বর	আর এস দাগ নম্বর	মোট জমির পরিমাণ
চর গলগলিয়া মৌজা,	৬৭	০২	১৩০১, ১৩০২, ১৩০৩, ১৩০৪, ১৩০৫, ১৩০৬, ১৩০৭, ১৩০৮, ১৩০৯, ১৩১০, ১৩১২, ১৩১৪, ১৩১৫, ১৪৬৯	১.০০৯৪ একর

এলাকাটি সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শনকালে স্থানীয় জনগনের সাথে কথা বলে জানা যায় উক্ত জমিতে ২০ ফুট গভীরতার একটি পুকুর ছিলো যা আপন নিবাস হাউজিং কর্তৃক ভরাট করা হয়েছে। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের ডিটেইন্ড এরিয়া প্ল্যান এর তথ্য ও উপাত্ত অনুযায়ী চর গলগলিয়া মৌজা (জে এল নং-৬৭, সিট নং-০২) এর প্রস্তাবিত দাগ নম্বর এর ব্যবহার Flood Flow Zone এবং Waterbody হিসেবে চিহ্নিত রয়েছে। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের ডিটেইন্ড এরিয়া প্ল্যান এর রিপোর্ট অনুযায়ী এবং Waterbody এর Resticted ব্যবহার থেকে দেখা যায় উক্ত এলাকায় কোনো ধরনের স্থাপনা তৈরী নিষিদ্ধ। তবে Flood Flow Zone এর Permitted ব্যবহারে স্থিতিশীল Transformer Station নির্মাণ করা যাবে মর্মে উল্লেখ আছে।


রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক স্মারক নং- ২৫.৩৯.০০০০.০৩০.৩৬.০২১.১৮.১২২, তারিখ ২৭/০১/২০২১ এ ভূমি অধিগ্রহণের জন্য অনাপত্তিপত্র প্রদান করা হয়েছে। এমতাবস্থায় উক্ত এলাকা জনস্বার্থে ব্যবহার হবে বিধায় নিম্নলিখিত শর্তসাপেক্ষে উক্ত ভূমি অধিগ্রহণে নগর উন্নয়ন অধিদপ্তরের কোন আপত্তি নাইঃ

১. ডিটেইন্ড এরিয়া প্ল্যানে উল্লেখিত পুকুরটি সংরক্ষন করতে হবে।
২. Flood Flow Zone এলাকার বন্যা পানির প্রবাহকে বাঁধাগ্রস্ত করা যাবে না।

৩. ডিটেইল্ড এরিয়া প্ল্যানে উল্লেখিত প্রস্তাবিত রাস্তার জায়গা সংরক্ষণ করতে হবে।
৪. পানির স্বাভাবিক প্রবাহ (Natural Drainage) বাঁধাগ্রস্ত করা যাবে না।
৫. এই ছাড়পত্র জমির মালিকানা নির্দেশ করে না।
৬. রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক প্রদানকৃত ছাড়পত্রের শর্তাবলী মান্য করতে হবে।
৭. Town Improvement Act 1953 অনুযায়ী গেজেট সংশোধন করতে হবে

সংযুক্তিঃ

১. পরিদর্শন প্রতিবেদন।
২. রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের অনাপত্তি পত্র।
৩. Detailed Area Plan (DAP) ম্যাপে প্রস্তাবিত জমি চিহ্নিত ম্যাপ।
৪. Google ম্যাপে এলাকা চিহ্নিত ম্যাপ।
৫. সার্ভে ম্যাপ।
৬. Flood Flow Zone এবং Waterbody এর Permitted এবং Conditional ব্যবহার।
৭. প্রস্তাবিত জমির বিস্তারিত তফসিল



২৯-৩-২০২১

কাজী মোঃ ফজলুল হক
সিনিয়র প্ল্যানার

প্রকৌঃ ফরিদ উদ্দিন আহমেদ, প্রধান প্রকৌশলী ও প্রকল্প
পরিচালক
এভিনিউ-৩, জহরুল ইসলাম সিটি, আফতাব নগর,
বাড্ডা-১২১২

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০৪১.১৭.৩৬/১(৪)

তারিখ: ১৫ চৈত্র ১৪২৭
২৯ মার্চ ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর (দপ্তরের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
- ৩) সিনিয়র প্ল্যানার, রিজিওনাল প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৪) প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর(দপ্তরের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।

Israt Jahan

১৯-৩-২০১৯

ইসরাত জাহান

প্ল্যানার